গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৬. ৫৮৯ | তারিখ: ১৩ /০২/২০২৬ খ্রি.।

বিষয়:- পোষা পাখি লালন-পালনের জন্য ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।

সূত্র:- ১। লাইসেন্স নং- ৫৬, তারিখ:- ২৬/১০/২০২২ খ্রি.।
২। পজেশন সার্টিফিকেট নং- ৫৪, তারিখ:- ২৬/১০/২০২২ খ্রি.।
৩। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫.১৮০১, তারিখ:- ২৬/০৫/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১ ও ২ স্মারক মূলে আপনার নাম/প্রতিষ্ঠানের অনুকূলে পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়। উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট মেয়াদ গত ২৬/১০/২০২৩ খ্রি. তারিখে শেষ হলেও নবায়নের জন্য আবেদন করা হয় নি।

সূত্রোক্ত ৩ নং স্মারক জারীর তারিখ হতে ১৫(পনের) কার্যদিবসের মধ্যে বর্ণিত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করা না হলে ১৬(ষোল) কার্যদিবসে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল করা হবে মর্মে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে আপনাকে পত্র প্রেরণ করা হয়েছিলো।

সূত্রোক্ত ৩ নং স্মারকের নির্ধারিত সময় অতিবাহীত হওয়ার পরও আপনার নিকট হতে নবায়নের আবেদন না পাওয়ায় অত্র দপ্তর হতে আপনার নাম/প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের ৩ নং এবং পজেশন সার্টিফিকেটের ২ নং শর্তানুযায়ী ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এতদ্বারা বাতিল করা হলো। উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অনুবলে কোন ধরনের কার্যক্রম পরিচালনা করা হতে বিরত থাকার জন্য বলা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এর মূল কপি অত্র দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(শারমীন আক্তার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

প্রধান বন সংরক্ষকের কার্যালয়
রিমস্ ইউনিট
নিবন্ধন নং
তারিখ
প্রধান / সহকারীর স্বাক্ষর:
কম্পিউটার প্রোগ্রামার
সহকারী বন সংরক্ষক / গবেষণা কর্মকর্তা / সহকারী কম্পিউটার প্রোগ্রামার
নকশাকার
প্রধান সহকারী / উচ্চমান সহকারী
ফরেস্টার
অফিস সহকারী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
দ্রুত ব্যবস্থা নিন
নথিজাত করুন
উপ বন সংরক্ষক

জনাব মোঃ জামাল মিয়া
এক্সটিক জু এন্ড এ্যাকিউরিয়াম পার্ক
দড়িবহর, বারিন্দা- ১৯৪৪, মির্জাপুর, টাংগাইল।

বর্তমান ঠিকানা:- জামগড়া, জিরাবো, সাভার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে:-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৩। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।